

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরনী ৪

স্থান : উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, আশাত্তি, সাতক্ষীরা।
 তারিখ : ১০৬/০৯/২০২১ খ্রিঃ।
 সময় : ১ সকাল ১১.৩০ ঘটক।
 সভাপতি : জনাব মোসাহ মোসলেমা খাতুন মিলি
 মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আশাত্তি, সাতক্ষীরা।

উপস্থিত অনুপস্থিত পৃথক রেজিস্টারে সংরক্ষিত।

আলোচ্য সূচী :

- ১। খরিপ-২/২০২১-২২ মৌসুমের কার্যক্রম।
- ২। রাজীব খাতের আওতায় প্রদর্শনীর বর্তমান অবস্থা।
- ৩। জিকেবিএসপি প্রকল্পের বর্তমান অবস্থা।
- ৪। কৃষি পৃণৰ্বাসন কার্যক্রম।

অন্যকার সভার সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। স্বাগত বক্তব্য শেষে তিনি সভা পরিচালনার জন্য উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার আশাত্তি সাতক্ষীরাকে আহ্বান জানান।

অতঃপর উপজেলা কৃষি অফিসার ও উপজেলা কৃষি ও সেচ কমিটির সদস্য সচিব মহোদয় বিগত সভার কার্য বিবরনী পাঠ করে উন্নান। কোন সংশোধনী ছাড়াই তা দ্রুতকরণ করা হয়। তিনি বলেন বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে ফসল উৎপাদনের জন্য কৃষকদের প্রশিক্ষণ দেওয়া হয়। তিনি আরও বলেন রোপা আমন, উফশী-১৯৮০ হেঁজ ও হামীয় ৮০হেঁজ সর্বমোট ৯২৬০ হেঁজ আবাদ হয়েছে। বিভিন্ন কার্যক্রমের অদর্শনীয় বর্তমান অবস্থা সন্তোষজনক এবং মাঠে দস্তায়মান খরিফ-২ মৌসুমের রোপা আমন ফসলে পোকা মাকড়ের উপস্থিতি খুবই কম। তাছাড়া বর্তমানে সারের কেনায় ঘাটতি নেই। নায় মৃগে কৃষকগণ তাদের চাহিদা মোতাবেক সার বিসি আইসি অথবা খুচরা বিক্রেতার দোকান থেকে সরবরাহ পাচ্ছেন।

রাজীব খাতের অর্ধায়নে খরিপ-২/২০২১-২২ মৌসুমে ৩০টি রোপা আমন প্রদর্শনীর বীজতলা স্থাপন করা হয়েছে যার অবস্থা সন্তোষজনক। গ্রহণ করল/ফলোআপ কৃষকের সংখ্যা ৮০ জন। ফসলের অবস্থা সন্তোষজনক।

জিকেবিএসপি প্রকল্পের আওতায় ১৭ টি প্রদর্শনী স্থাপন করা হয়েছে। যার মধ্যে রোপা আমন জাত প্রদর্শনী ১০টি, একক ফল বাগান প্রদর্শনী ০৪ টি, মিশ্র ফল বাগান প্রদর্শনী ০২ এবং ০১ টি ব্লক প্রদর্শনী স্থাপন করা হয়েছে। প্রদর্শনীর আবস্থা সন্তোষজনক।

কৃষি পৃণৰ্বাসন কর্মসূচির আওতায় ২০০ জন কৃষকের নাবী জাতের রোপা আমন বীজ সহায়তা প্রাপ্ত হয়েছে। প্রত্যেক কৃষক ত্রি ধান-৬৭ জাতের ৫ কেজি করে বীজ পেয়েছেন। ফসলের অবস্থা ভালো।

কৃষি পৃণৰ্বাসন কর্মসূচির আওতায় উচ্চ ফলনশীল পাট বীজ উৎপাদনের ব্যবস্থূর্ণতা অর্জনের জন্য নাবী পাট বীজ উৎপাদনের নিমিত্তে ১০ জন কৃষকের ১০ টি প্রদর্শনীর বরাদ্দ প্রাপ্ত হয়েছে। প্রতি কৃষক ২০ শতক জমিতে নাবী পাট বীজ উৎপাদনের জন্য বীজ ৫০০ গ্রাম, ইউরিয়া ১০ কেজি, ডিএপি ১০ কেজি, এমওপি ১০ কেজি সার পাবেন। তাছাড়া জমি প্রস্তুত ও সেচ বাবদ ৮০০ টাকা, আন্ত পরিচর্যা শ্রমিক বাবদ ১৫০০ টাকা এবং বালাইনামক ত্রয় বাবদ ৩৩০ টাকা, সর্বমোট ২৬৩০ টাকা (দুই হাজার ছয়শত ত্রিশ) টাকা নগদ অর্থ সংশ্লিষ্ট কৃষককে তার বিকাশ একাউন্টের মাধ্যমে প্রদান করা হবে।

আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদনে সংরক্ষন ও বিতরণ প্রকল্পের আওতায় এফএফএস সহ ০৮টি ব্লক প্রদর্শনী চলমান আছে। সম্মিলিত খামার ব্যবস্থাপনের মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কমাইন্ড হাববেটের ০৫ জন, রাইস ট্রাইস্প্লান্টার ০১ জন, রিপার ০১জন, বিপার বাইন্ডার ০১ জন সর্বমোট ০৮ জন কৃষকের অ্যাডিকার তালিকা উপজেলা কৃষি পৃণৰ্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।

উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলার মাটিতে গ্রীষ্মকালীন টমেটো, তরমুজ, ড্রাগন, মাল্টা ও মাশকুম উৎপাদনের সম্ভাবনা রয়েছে। উচ্চ সম্ভাবনাকে কাজে লাগিয়ে উদ্যোগী তৈরিতে উচ্চেষ্ঠি ফসল ও ফসলের উপর কৃষকদের প্রশিক্ষণ প্রয়োজন। বর্তমানে উপজেলাতে বিদ্যমান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কৃষকদের প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে।

অতঃপর আর কোন আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Carv ০৬-০৯-২০২১

মোসাহ মোসলেমা খাতুন (মিলি)

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

আশাত্তি, সাতক্ষীরা।

তারিখ- ০৬/০৯/২০২১

মুজিবুল হাসান ১/২০২১

(মোঃ রাজিবুল হাসান)

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি

ও

উপজেলা কৃষি অফিসার

আশাত্তি, সাতক্ষীরা।

স্মারক নং-১২.১৮.৮৭০৮.০০২.১৪.০১০.২১- ৭০৬

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঁঁ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,

আশাত্তি, সাতক্ষীরা।

২। উপজেলা নির্বাহী অফিসার, আশাত্তি, সাতক্ষীরা।

৩। অফিস কমিশনার।